



BENGALI

কোভিড-19 টিকাসমূহঃ সাধারণত জিজ্ঞাস্য প্রশ্নসমূহ

ই বিলি পত্রটির উদ্দেশ্য চিকিৎসাশাস্ত্র-সম্পর্কিত সঠিক তথ্য দেওয়া যাতে আপনি অবহিত সিদ্ধান্ত নিতে পারেন। এটি চিকিৎসকগণ দ্বারা নিরীক্ষিত। মার্চ 2021 এর পর হতে এটি সাম্প্রতিকতম তথ্য, এবং প্রয়োজন মতো এই তথ্য হালনাগাদ করা হবে।



টিকাসমূহ কি অ-শ্বেতাঙ্গ বা অন্যান্য সংখ্যালঘু দলের ওপর পরীক্ষা করা হয়েছে?

টিকা সম্পর্কিত গবেষণায় 20-38% অ-শ্বেতাঙ্গ বা অন্য সংখ্যালঘু দলের মানুষ ছিলেন।



আমার যদি মৃদু পার্শ্বপ্রতিক্রিয়া হয়ে থাকে, তবে কি আমার টিকার দ্বিতীয় ডোজ নেওয়া উচিত?

হ্যাঁ! মৃদু পার্শ্বপ্রতিক্রিয়া অনেকের ক্ষেত্রেই হয়। সম্পূর্ণ প্রতিরক্ষার জন্য দুটি ডোজের প্রয়োজন আছে – একটি ডোজ আপনাকে যথেষ্ট নিরাপত্তা দেয় না। আপনার যদি বিরূপ প্রতিক্রিয়া ঘটে থাকে তবে কোনও পেশাদার চিকিৎসাবিদের সাথে কথা বলে নেওয়া শ্রেয়।



আমার মারাত্মক বিরূপ প্রতিক্রিয়া বা অ্যালার্জি আছে, আমার কি টিকা নেওয়া উচিত?

আপনার যদি টিকায় ব্যবহৃত উপাদানসমূহে অ্যালার্জি থেকে থাকে বা অন্য কোনও টিকাদানের পরে আপনার বিরূপ প্রতিক্রিয়া হয়ে থাকে, তাহলে আপনার এই টিকাটি নেওয়া উচিত নয়। আপনার যদি অন্য দ্রব্যে (খাদ্য, ওষুধ) মারাত্মক রকমের অ্যালার্জি থেকে থাকে, তাহলে চিকিৎসা ব্যবস্থার সাথে যুক্ত কারোর সাথে কথা বলুন।




টিকা প্রদান কার্যক্রম কিভাবে বাস্তবায়িত করা হচ্ছে এবং কারা প্রথমে টিকা পাবেন?

আমাদের একটি দল ("টাস্ক ফোর্স" বা কার্যনির্বাহী দল) আছে যেটি টিকাকরণের বিভিন্ন ধাপসমূহ পরিচালনা করছে। যারা কোভিড-19 দ্বারা গুরুতর অসুস্থ হতে পারেন তারা প্রথমে টিকা পাবেনঃ চিকিৎসাকর্মী, যারা দীর্ঘমেয়াদী সেবাসদনে (long-term care) বাস করছেন, ইত্যাদি। পরের ধাপে থাকবেন যাদের স্বাস্থ্য সমস্যা আছেন তারা ও বয়স্ক ব্যক্তিবর্গ। 3য় ধাপে, সেই সমস্ত মানুষেরা যারা টিকা পেতে চান তারা সকলে টিকা পাবেন।



টিকাসমূহ কি 65 বছরের উর্ধ্বের ব্যক্তিদের জন্য কাজ করে?

ফাইজার-বায়োএনটেক এবং মডার্না টিকা উভয়েই 65 বছরের বেশী বয়সীদের জন্য ঠিক তেমন ভাবেই নিরাপত্তা প্রদান করেছে যেমন অল্প বয়স্কদের জন্য করেছে। যারা 65 বছরের এর ওপরে, তাদের জন্য ফাইজার-বায়োএনটেক দিয়েছে 95% প্রতিরক্ষা আর মডার্নার টিকা দিয়েছে 86% প্রতিরক্ষা।



টিকা থেকে কি আমার কোভিড-19 হতে পারে?

টিকাসমূহ "জীবন্ত" নয় – অর্থাৎ এগুলির মধ্যে কোনও ভাইরাস নেই, অতএব এগুলি আপনার শরীরে সংক্রমণ ঘটতে পারেনা।



LOFT





BENGALI

কোভিড-19 টিকাসমূহঃ সাধারণত জিজ্ঞাস্য প্রশ্নসমূহ

ই বিলিপত্রটির উদ্দেশ্য **চিকিৎসাসাহায্য-সম্পর্কিত সঠিক তথ্য** দেওয়া যাতে আপনি **অবহিত সিদ্ধান্ত** নিতে পারেন। এটি চিকিৎসকগণ দ্বারা নিরীক্ষিত। মার্চ 2021 এর পর হতে এটি সাম্প্রতিকতম তথ্য, এবং প্রয়োজন মতো এই তথ্য হালনাগাদ করা হবে।



টিকা নেওয়ার পরও কি আমরা মাস্ক বা মুখাবরণ ব্যবহার করতে হবে? কেন?

হ্যাঁ। অল্প সম্ভাবনা আছে যে আপনি তাও কোভিড-19 দ্বারা আক্রান্ত হতে পারেন এবং অন্যকে সংক্রমিত করতে পারেন। টিকা নেওয়ার পরও আপনাকে মাস্ক বা মুখাবরণ পরতে হবে এবং সামাজিক ব্যবধান বজায় রেখে চলতে হবে।



পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে কি আমাদের অনেক তথ্য আছে?

যেই পরীক্ষাগুলি করা হয়েছে তাতে ভালো ফল লক্ষ্য করা গেছে এবং **খুব কম গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া** দেখা গেছে। বেশীর ভাগ পার্শ্বপ্রতিক্রিয়াই টিকা পাওয়ার 2-3 দিনের মধ্যে থেকে শুরু করে 6 সপ্তাহের মধ্যে হতে দেখা গেছে। গবেষণা চলাকালীন, **টিকা পাওয়ার পর 2 মাস অধিক টিকা প্রাপ্তদের পর্যবেক্ষণ করা হয়েছে।**



দীর্ঘকালীন পার্শ্বপ্রতিক্রিয়া কী হতে পারে?

এখনো পর্যন্ত হেলথ কানাডা এখনও টিকাপ্রাপ্ত মানুষদের পরীক্ষা করা চালিয়ে যাচ্ছে যাতে নিশ্চিত করা যায় যে অন্য কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হচ্ছে না। যদি কোনও নতুন পার্শ্বপ্রতিক্রিয়ার সম্ভাবনা পাওয়া যায়ও, সেটি বিরল হবে এবং খুব বেশী উদ্বেগের কারণ হওয়া উচিত না।



"গোষ্ঠী প্রতিরোধ" কী এবং তা কিভাবে কাজ করে?

গোষ্ঠী প্রতিরোধের অর্থ **মানুষ যখন ডাইরাসটির থেকে পরোক্ষভাবে সুরক্ষা পায়**। যত বেশী সম্ভব মানুষকে টিকা দিয়ে এটি নিশ্চিত করতে পারি যেন যাদের টিকাদান করা হয়নি তারা এই ডাইরাস দ্বারা সংক্রমিত না হন এবং এর দ্বারা অসুস্থ না হন। আমাদের ধারণা এই যে **70-80%** লোককে টিকাদান করতে পারলে সকলের প্রতিরোধ গড়ে উঠবে এবং গোষ্ঠী প্রতিরোধ আসবে।



ওয়াটসঅ্যাপ, ফেসবুক, এবং অন্যান্য সামাজিক মাধ্যমে প্রচুর তথ্য রয়েছে। আমি কি ভাবে জানবো কোনটি সঠিক?

বিশ্বাসযোগ্য সূত্র থেকে তথ্য অনুসন্ধান করুন, যেমন আপনার **পারিবারিক চিকিৎসক বা শুশ্রূষাকারী**, অথবা অনলাইনে **জন স্বাস্থ্য বা পাব্লিক হেলথ ওয়েবসাইট সমূহ** থেকে (নীচে লিঙ্কসমূহ দেখুন)।



আমি কতদিন পর্যন্ত সুরক্ষিত?

এই মুহূর্তে আমরা জানিনা যে টিকা নেওয়ার পর আপনি কতদিন সুরক্ষিত থাকবেন।

আপনার যদি আরো জিজ্ঞাস্য থাকে, আপনি চিকিৎসকদের সাথে কথা বলতে পারেন, যারা আপনাকে প্রয়োজনীয় সহায়তা সাহায্যের উপায় ও তথ্য প্রদান করবেন। **আপনি নিম্নলিখিত জন স্বাস্থ্য বা পাব্লিক হেলথ ওয়েবসাইটসও পড়ে দেখতে পারেনঃ**

1. <https://covid-19.ontario.ca/covid-19-vaccines-ontario> 2. <https://www.canada.ca/en/public-health/services/diseases/coronavirus-disease-covid-19/vaccines.html>

